# 285528 - গরীবদেরকে এখন সদকা দিয়ে পরবর্তীতে যথাসময়ে যাকাত পরিশোধ করা উত্তম; নাকি অগ্রিম যাকাত দেয়া উত্তম?

## প্রশ্ন

আগামী রমযানে যাকাত পরিশোধের নির্দিষ্ট সময়ের আগে যে সব মুসলমানদের এখনই প্রয়োজন তাদেরকে অগ্রিম যাকাত দিয়ে দেয়া কিংবা যাকাতের অংশ বিশেষ দেয়া কি জায়েয হবে? আমি যদি যাকাতের নিয়তে দিই, পরবর্তীতে রমযান মাসে পরিপূর্ণ যাকাত পরিশোধ করি; এই অবস্থায় এটা কি সদকা হিসেবে গণ্য হবে? শরিয়তে কোনটা উত্তম?

## প্রিয় উত্তর

**এক:**

জমহুর (অধিকাংশ) আলেমের নিকট যাকাত নির্দিষ্ট সময়ের আগে অগ্রিম পরিশোধ করতে কোন বাধা নেই।

যাকাত অগ্রিম পরিশোধ করা জায়েয হওয়ার পক্ষে দলিল হলো যা আবু উবাইদ আল-কাসেম বিন সাল্লাম 'আল-আমওয়াল' নামক গ্রন্থে (১৮৮৫) আলী (রাঃ) থেকে বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আব্বাস (রাঃ) থেকে দুই বছরের যাকাত অগ্রিম নিয়েছিলেন। আলবানী 'আল-ইরওয়া' গ্রন্থে (৩/৩৪৬) হাদিসটিকে হাসান বলেছেন।

অন্য এক রেওয়ায়েতে এসেছে:

আলী (রাঃ) থেকে বর্ণিত আছে যে, আব্বাস (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে যাকাতের নির্দিষ্ট সময় আসার আগে অগ্রিম যাকাত পরিশোধ করার ব্যাপারে জিজ্ঞেস করলে তিনি তাকে এ ব্যাপারে রুখসত (অবকাশ) দেন।[সুনানে তিরমিযি (৬৭৩), সুনানে আবু দাউদ (১৬২৪), সুনানে ইবনে মাজাহ (১৭৯৫), শাইখ আহমাদ শাকির 'তাহকীকুল মুসনাদে' (৮২২) হাদিসটিকে সহিহ বলেছেন।

কোন সন্দেহ নাই যে, দরিদ্র ও বাস্তুহারা মিসকীন এবং যাদের বাসস্থান ও সম্পদে দুর্যোগ নেমেছে তারা যাকাতের হকদার। তাদের তীব্র প্রয়োজনের কারণে তারাই যাকাত খাওয়ার অধিক উপযুক্ত।

আলেমদের অভিমতদ্বয়ের মধ্যে অগ্রগণ্য হচ্ছে: যাকাত প্রদানকারীর এলাকার বাইরে যাকাত বণ্টন করা জায়েয।

**দুই:**

বিশ্বস্ত প্রতিষ্ঠানকে যাকাতের অর্থ গরীবদের কাছে পৌঁছে দেয়ার দায়িত্ব দেয়া জায়েয।

এই ধরণের প্রতিনিধিত্ব এই শর্তে জায়েয: এই প্রতিষ্ঠানের দায়িত্বশীলবর্গ যাকাত গ্রহণ করা ও গৃহীত সম্পদের সম্পূর্ণ অংশ যাকাত প্রাপক আট শ্রেণীর মধ্যে বণ্টন করা; যাদের কথা আল্লাহ্ তাআলা এই আয়াতে উল্লেখ করেছেন: *"যাকাত হল কেবল ফকির, মিসকীন, যাকাত আদায়কারী, যাদের চিত্ত আকর্ষণ প্রয়োজন তারা, দাস, ঋণগ্রস্ত, আল্লাহর পথে যারা আছে ও মুসাফিরদের জন্যে। এই হল আল্লাহর নির্ধারিত বিধান। আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।"*[সূরা তাওবা, আয়াত: ৬০]

আর যদি আপনি যে ব্যক্তি কিংবা প্রতিষ্ঠানকে দায়িত্ব দিয়েছেন সে প্রতিষ্ঠান কর্তৃক যাকাত বণ্টনের খাতগুলো নিশ্চিত করার ব্যাপারে ত্রুটির আশংকা করেন; উদাহরণতঃ তারা অমুসলিমদেরকে যাকাত দিবে, কিংবা তারা আটটি খাতের বাইরে অন্য কোন খাতে বণ্টন করবে তাহলে আপনি তাদেরকে নফল সদকার অর্থ দিতে পারেন।

ফরয যাকাত আপনি নিজেরটা নিজেই আদায় করলেন; যাতে করে আপনি নিশ্চিত হতে পারেন যে, শরিয়ত অনুমোদিত খাতেই আপনি যাকাত দিয়েছেন।

**তিন:**

যদি আপনি এখন যাকাত পরিশোধ করার নিয়ত করেন; এরপর রমযান মাসে পুনরায় যাকাত পরিশোধ করেন তাহলে প্রথমবারেরটা আপনার ফরয ইবাদত। আপনি রমযান মাসে যা পরিশোধ করবেন সেটা আপনার নফল ইবাদত।

আর যদি বিষয়টি এমন হয়ে হয় যে, তাৎক্ষণিক প্রয়োজন পূরণের জন্য অগ্রিম যাকাত আদায় করবেন নতুবা তাৎক্ষণিক প্রয়োজনের প্রতি ভ্রুক্ষেপ না করে সময়মত যাকাত আদায় করবেন; তাহলে সেক্ষেত্রে উত্তম হলো: উদ্ভুত প্রয়োজন পূরণে অগ্রিম যাকাত আদায় করা।

আর যদি আপনার অতিরিক্ত সম্পদ থেকে অভাবীর প্রয়োজন পূরণ করা কিংবা তাকে সহযোগিতা করে সেটাকে সদকা হিসেবে গণ্য করা সম্ভবপর হয় এবং পরবর্তীতে যাকাতের বর্ষপূর্তির পর নির্দিষ্ট সময়ে যাকাত পরিশোধ করতে পারেন তাহলে নিঃসন্দেহে সেটাই উত্তম। এভাবে আপনি সব উত্তম বৈশিষ্ট্যের অধিকারী হলেন। আপনার অতিরিক্ত সম্পদ থেকে অন্যের বিপদ দূর করা ও অভাব পূরণে সহযোগিতা করলেন। এরপর আপনি নির্ধারিত সময়ে আপনার সম্পদের যাকাত পরিশোধ করলেন এবং রমযান মাসে বহুগুণ সওয়াব বৃদ্ধির বরকত লাভ করলেন; যা আপনার যাকাতের বর্ষপূর্তির মধ্যে পড়ে; যেমনটি আমরা আপনার প্রশ্ন থেকে বুঝতে পেরেছি।

আল্লাহই সর্বজ্ঞ।